আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৬০ প্রকাশকাল: ১৭ ই জুলাই ,২০২০ ইংরেজি

মুখে মাস্ক পরা অবস্থায় কি নামায হবে?

প্রশ্নঃ

আমাদের মসজিদের অনেক মুসল্লিকে দেখি, তাঁরা মুখে মাস্ক নিয়ে নামায পড়েন। অনেকে বলেন, নামায হবে না। আবার অনেকে বলেন, হবে। আমি কোনটা মানব? আসলে কি নামাজ হবে?

প্রশ্নকারী- আব্দুল্লাহ

উত্তর:

বিনা ওজরে নাক বা মুখ ঢেকে সালাত আদায় করা মাকরূহ, তবে সালাত সহীহ হয়ে যাবে। আবু হুরাইরা রাযি. থেকে বর্ণিত একটি হাদিসে এসেছে,

أن رسول الله صلى الله عليه وسلم نهى عن السدل في الصلاة، وأن يغطي الرجل فاه

"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে 'সাদাল' (প্রচলিত পদ্ধতির বিপরীত দৃষ্টিকটু পদ্ধতিতে কাপড় পরিধান) করতে এবং মুখ ঢেকে রাখতে নিষেধ করেছেন।" –সুনানে আবু দাউদ: ৬৪৩

অবশ্য কোনো ওজরের কারণে করলে তা মাকরূহ নয়। সুতরাং করোনার কারণে সতর্কতামূলক মাস্ক পরে সালাত আদায় করলে সমস্যা নেই। - ফাতাওয়া শামী: ১/৬৫২, আলবাহরুর রায়েক: ২/২৭, বাদায়েউস সানায়ে': ১/২১৬, আলমাজমূ': ৩/১৭৯, মাওয়াহিবুল জালিল: ১/৫০৩, কাশশাফুল কিনা': ১/২৬৮

فقط.والله أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২২-১১-৪১ হি.

১৪-০৭-২০ ইং